

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বালাগঞ্জ, সিলেটে স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্ম-পরিকল্পনা
বাস্তবায়নে সচেতনতামূলক সভার কার্যবিবরণী

সভাপতি : ডা: মো: আব্দুল মান্নান
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ অফিসারের অফিস কক্ষ, বালাগঞ্জ ।
সভার তারিখ ও সময় : ২৭ সেপ্টেম্বর ২০২১, সকাল ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

ক্রমিক নং	নাম ও পদবী
০১	মো: মিজানুর রহমান, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)
০২	মোহাম্মদ কামরুজ্জামান, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণিস্বাস্থ্য)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিম লিডার জনাব মো: মিজানুর রহমান, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকলকে সক্রিয় ভূমিকা রাখার জন্য অনুরোধ করেন।

সভাপতি স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিসহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:-

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সচেতনতামূলক আলোচনা	স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে করণীয় নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়- ১। “ মাস্ক পড়ি, সেবা গ্রহণ করি” সম্বলিত পোস্টার অফিসে দৃশ্যমান স্থানে প্রদর্শন করা। ২। অফিস প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন রেখে সেবা প্রদান। ৩। নির্দিষ্ট সময় অন্তর হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা	উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)
০২	সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড বিষয়ে আলোচনা	সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-০৯-২০২১খ্রি.
ডা: মো: আব্দুল মান্নান
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
বালাগঞ্জ, সিলেট।